গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (RPTI)
পূর্ব শাহী ঈদগাহ, টি বি হাসপাতাল রোড, সিলেট।
www.rptisylhet.niport.gov.bd

স্মারক নং-৫৯.১২.৯১০০.০২৪.৩১.০০৬.২১- ৩০৪

তারিখঃ ২৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

অফিস আদেশ

এতদ্বারা অত্র কাযার্লয়ের সকল কর্মকর্তা-কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে ডেঙ্গু সংক্রমণের ঝুঁকি বৃদ্ধি পাওয়ায় ডেঙ্গু প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সকলের সচেতনতা ও সম্মিলিত কার্যক্রম অত্যন্ত জরুরি। ডেঙ্গু রোগের বাহক এডিস মশার প্রজননস্থল ধ্বংস ও মশার বংশবিস্তার রোধের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালনের জন্য অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে নির্দেশ প্রদান করা হলো।

১. অফিস প্রাঙ্গণ, হোস্টেল ও স্টাফ কোয়ার্টার এর আশেপাশে কোথাও যাতে পানি জমে না থাকে, সে বিষয়ে সকলকে সতর্ক থাকতে হবে। নিজ উদ্যোগে ড্রেন, ছাদ ও পানি নিষ্কাশনের ব্যবস্থা সচল ও পরিষ্কার রাখতে হবে।

২. অত্র কার্যালয়, হোস্টেল ও স্টাফ কোয়ার্টার এর সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে সকলকে সচেষ্ট থাকতে হবে।

৩. পরিচ্ছন্নতার কাজে দায়িত্বরত কর্মচারীগণ অর্পিত দায়িত্ব পালনে অধিক সচেষ্ট থাকবেন।

৪. ডেঙ্গু প্রতিরোধে ব্যক্তিগত সতর্কতা জরুরি। সকলকে মশার কামড় থেকে সুরক্ষিত থাকার পাশাপাশি ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও ডেঙ্গুর লক্ষণ দেখা দিলে অবিলম্বে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করতে হবে।

৫. অত্র কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ নিয়মিতভাবে কার্যালয় প্রাঙ্গণ, হোস্টেল প্রাঙ্গণ পরিদর্শন করে সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।

উপরোক্ত নির্দেশনাসমূহ অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে যথাযথভাবে পালনের নির্দেশ প্রদান করা হলো।

৪/৯/২৬
(রিফাত ইয়াসমীন জাহান)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
মোবাইল নম্বরঃ ০১৬৭১-০১৪৬০৩
e-mail:fwvtisylhet10@gmail.com

অনুলিপিঃ
১। পরিচালক (প্রশাসন) ও যুগ্মসচিব, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
২। কর্মকর্তা/কর্মচারী (সকল), অত্র কার্যালয়।
৩। অফিস কপি।